# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
## স্বাধীনতা ভবন
## ৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
## প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)

বিষয়: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (২০২৩-২০২৪ খ্রি:) অনুযায়ী নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহাবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ২৮/০৫/২০২৪ খ্রি: |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (৫ম তলা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বা/এ, ঢাকা। |
| সভায় উপস্থিতি | : | সংযোজনী-“ক” |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মো: আছির উদ্দীন সরদার, পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-কে অনুরোধ জানান।

পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি অংশ। ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিগত ১১-০৬-২০২৩খ্রি: তারিখে চূড়ান্ত করে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইটে (www.bffwt.gov.bd) আপলোড করা হয়েছে। এখন এ কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। কর্মপরিকল্পনার সূচক ১.১ অনুযায়ী বৎসরে ৪ (চার) ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির ৪ (চার) টি সভা আয়োজন করতে হবে। অদ্যকার সভাটি ৪র্থ ত্রৈমাসিকের (এপ্রিল-জুন, ২০২৪খ্রি.) সভা।

০২। সভাপতি নৈতিকতা কমিটির সভা আয়োজনের প্রয়োজনীয়তা, নৈতিকতা ও এর বৈশিষ্ট্য এবং নৈতিকতার ক্ষেত্র ইত্যাদি বিষয়ে আলোকপাত করেন। তিনি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী যথাসময়ে কাজ সম্পন্ন করা, আর্থিক বিধিবিধান মেনে চলা, যথা সময়ে অফিসে আসা এবং অফিস ত্যাগ করা ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদানসহ সভায় যে সিদ্ধান্ত গ্রহণ করা হয় তা যথাযথভাবে নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৩। অত:পর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে) | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | ট্রাস্টের পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) বলেন, ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী বৎসরে মোট ০৪টি নৈতিকতা কমিটির সভা আহবানের লক্ষ্যমাত্রা ছিল। ইতোমধ্যেই ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। অদ্যকার সভাটি অনুষ্ঠিত হওয়ায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪ অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | যথাসময়ে নৈতিকতা কমিটির ০৪টি সভা অনুষ্ঠিত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান এবং আগামী ২০২৪-২০২৫ অর্থবছরে গৃহিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি ও সকল বিভাগ/শাখা, বামুকট্রা। |

চলমান পাতা-০২

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে) | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সভাপতি নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত নির্ধারিত সময়ে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন এবং কর্মপরিকল্পনাসহ অন্যান্য বিষয় চিহ্নিত করে সিদ্ধান্ত গ্রহণপূর্বক বাস্তবায়নের বিষয়েও তৎপর হওয়ার তাগিদ প্রদান করেন। | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন তৎপর থাকতে হবে। | সংশ্লিষ্ট বিভাগ/শাখা/ ফোকাল পয়েন্ট, ইনোভেশন, বামুকট্রা। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের stakeholders) অংশগ্রহণে সভা | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ০৪টি সভা আহবানের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যেই ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। অদ্যকার সভাটি অনুষ্ঠিত হওয়ায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪ অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে সভাসমূহ অনুষ্ঠিত হওয়ায় সকলকে ধন্যবাদ জানান এবং একই সাথে গৃহীত সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট বিভাগ/শাখা/ ফোকাল পয়েন্ট, ইনোভেশন, বামুকট্রা। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন/মত বিনিময় সভা আয়োজন। | পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪-এ ৬০ (ষাট) জন কর্মকর্তা ও কর্মচারীদেরকে নিয়ে ০৪ টি প্রশিক্ষণের আয়োজন করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক ইতোমধ্যেই ০৪টি প্রশিক্ষণই অনুষ্ঠিত হয়েছে। ফলে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত সংখ্যক কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ আয়োজন এবং প্রমাণক সংরক্ষণ করে মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ১.৫ **কর্ম-পরিবেশ উন্নয়ন:**<br>(১) ৪র্থ শ্রেণির (১৭-২০ গ্রেডের) কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা;<br>(২) পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি;<br><br>**অতিরিক্ত ০২টি কাজ:**<br>(১) পানি ও বিদ্যুৎ ও জ্বালানী অপচয় রোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।<br><br>(২) সেবা গ্রহণের নিমিত্ত আগত সেবা প্রত্যাশিদের জন্য বসার স্থান ও সুপেয় পানির ব্যবস্থাকরণ; | (ক) সভাপতি ৪র্থ শ্রেণির (১৭-২০ গ্রেডের) কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। | (ক) ৪র্থ শ্রেণির (১৭-২০ গ্রেডের) কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করায় সকলকে অভিনন্দন জানান। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| | (খ) পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির অংশ হিসেবে অফিস কক্ষ, আঙিনা, ফ্লোর, ভবনের ছাদ, ফুলের টব পরিস্কারকরণ, ভাঙ্গা ফুলের টব ও পুরাতন ফুল গাছ অপসারণ করে নুতন টব, নতুন ফুল গাছ ও নুতন ডাস্টবিন প্রতিস্থাপন ও নিয়িমত পরিস্কারকরণের উপর গুরুত্বারোপ করেন। | (খ) অফিস কক্ষ, আঙিনা, ফ্লোর, ভবনের ছাদ, ফুলের টব নিয়মিত পরিস্কার করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি এবং প্রকৌশল শাখা বামুকট্রা। |
| | (গ) অকেজো/অপ্রয়োজনীয় মালামাল বিনষ্টকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় জানানো হয় ইতোমধ্যে নিয়মানুযায়ী অনেক অপ্রয়াজনীয়/অকেজো মালামাল বিক্রি করা হয়েছে। | (গ) আর কোনো অকেজো/ অপ্রয়োজনীয় মালামাল থাকলে তা নিলামে বিক্রির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অকেজো মালামাল বিনষ্টকরণ কমিটি বামুকট্রা/বাণিজ্য ও উন্নয়ন বিভাগ |
| | (ঘ) পানি ও বিদ্যুৎ ও জ্বালানী অপচয় রোধ ও সেবা গ্রহণের নিমিত্ত আগত সেবা প্রত্যাশিদের জন্য বসার স্থান ও সুপেয় পানির ব্যবস্থাকরণ বিষয়ে একটি অফিস আদেশ জারি করা হয়েছে এবং মনিটরিং করার জন্য একটি মনিটরিং টিম গঠন করা হয়েছে। | (ঘ) পানি, বিদ্যুৎ ও জ্বালানী অপচয় রোধে মনিটরিং টিম কর্তৃক নিয়মিত মনিটরিং করতে হবে। | মনিটরিং টিম/ ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |

চলমান পাতা-০৩

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে) | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) বলেন, গত ৩১-০৭-২০২৩ খ্রি: তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা থাকায় গত ২৬/০৭/২০২৩ খ্রি: তারিখে ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভাপতি পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে কিনা সে বিষয়ে গুরুত্বারোপ করেন। | ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ট্রাস্টের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী ক্রয়কার্য সম্পন্ন করতে হবে। | সকল বিভাগ/শাখা বামুকট্রা |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | সভাপতি, অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | অনুমোদিত ২০২৩-২৪ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা অনুযায়ী ক্রয়কার্য সম্পাদন এবং ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অর্জনে তৎপর হতে হবে। | সকল বিভাগ/শাখা বামুকট্রা |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | সভাপতি, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট ও সম্পূরক বাজেট যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। | ২০২৩-২০২৪ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট ও সম্পূরক বাজেট যথাযথভাবে বাস্তবায়নে তৎপর হতে হবে। | পরিচালক (অর্থ)/ সকল বিভাগ/শাখা |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | সভাপতি, সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। | সরকারি যানরাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | পরিচালক (অর্থ/কল্যাণ ও গবেষণা/বাওউ/প্রশাসন) ও সকল বিভাগ/শাখা |
| ৩.২ সেবা সপ্তাহ চালু ও সেবা মনিটরিং | গত ২২/০২/২০২৪ খ্রি: হতে ২৮/০২/২০২৪ খ্রি: পর্যন্ত সেবা সপ্তাহ পালন করা হয়েছে ও সেবা মনিটরিং করা হয়েছে। | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সেবা সপ্তাহ পালন ও সেবা মনিটরিং করা হয়েছে। এরূপভাবে বছরব্যপী সেবা প্রদান করতে হবে এবং সেবা মনিটরিং করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ৩.৩ স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির জন্য শুনানী গ্রহণ | সভাপতি বলেন, ট্রাস্টের কাজ স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে নিয়মিত শুনানী গ্রহণ করা হচ্ছে। | স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে শুনানী গ্রহণ অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ৩.৪ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) বলেন, শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত কর্মকর্তা ও কর্মচারীদের মনোনয়ন প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। সভাপতি, যথাসময়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য কমিটিকে তৎপর থাকতে হবে। | ইনোভেশন টিম ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি), বামুকট্রা। |

০২। অতঃপর আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
ফোনঃ ২২৩৩৮১৮১৩

চলমান পাতা-০৪

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৫.২৪. ৫৬৫

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জুন ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০২। পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন/অর্থ/কল্যাণ ও গবেষণা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৩। অতিরিক্ত পরিচালক (কল্যাণ ও গবেষণা) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৪। সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অর্থ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৫। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৬। সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৭। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল) ও বিকল্প ফোকাল পয়েন্ট, ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। **(ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করবেন)**

০৮। অফিস কপি/গার্ড ফাইল।

০৯/০৬/২০২৪

(মোঃ ফয়েজ আহমেদ খান)
ব্যবস্থাপক (প্রশাসন)
ও
সদস্য, নৈতিকতা কমিটি
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

| | | |
|---|---|---|
| বিষয় | : | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত বিষয়ে **নৈতিকতা কমিটি'র** ৪র্থ সভা |
| সভাপতি | : | এস এম মাহাবুবুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ ও সময় | : | ২৮ মে ২০২৪ খ্রি: সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | সভাকক্ষ (৫ম তলা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার উপস্থিতি | : | |

| ক্র:নং | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব আছির উদ্দীন সরদার | পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট নৈতিকতা কমিটি | [signature] 28/5/2024 |
| ২ | মো: খোরশেদ আলম | অতিরিক্ত পরিচালক (কল্যাণ), ও সদস্য, নৈতিকতা কমিটি | [signature] 28/5/24 |
| ৩ | মোঃ ফয়েজ আহমেদ খান | যুগ্মপরিচালক (প্রশাসন), ও সদস্য, নৈতিকতা কমিটি | [signature] 28/5/24 |
| ৪ | মো: সাজ্জাদুল ইসলাম | সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য, নৈতিকতা কমিটি | [signature] 28/5/24 |
| ৫ | মোঃ ইকবাল হোসেন | সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ও সদস্য, নৈতিকতা কমিটি | [signature] 28/05/24 |
| ৬ | শেখ গোলাম সরোয়ার | সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল) ও বিকল্প ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি | [signature] 28/5/24 |